গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-পিডি/আইন/ইটি-১/২০১০/ ৮৮৫ (৭১) তারিখ ২৭-৯-২০১০ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ **কারা সহকারী তথা-মুদ্রাক্ষরিকদের কেরানি বলে সম্বোধন না করা প্রসংগে।**

১। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কারা সহকারী তথা-মুদ্রাক্ষরিকগণকে কেরানী বলে সম্বোধন করা হয়। এতে একদিকে যেমন সরকারী আদেশের বরখেলাপ অপর দিকে তারা লোক সমাজ তথা পরিবার পরিজনের নিকট হেয় প্রতিপন্ন হয়। যা সভ্য সমাজে কারো কাম্য হওয়া উচিৎ নয়। কারা সহকারী তথা- মুদ্রাক্ষরিকগণকে ব্যাঙ্গ/বিদ্রুপ করে কেরানী বলে সম্বোধন করা শ্রুতিকটু ও অশোভনীয় বটে।

২। অতএব এখন থেকে তাদেরকে সম্বোধন করার সুবিধার্থে সংক্ষেপে **"কারা সহকারী" অথবা "Jail Assistant"** বলে সম্বোধন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্দেশনাটি **রোলকলে** সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্যও বলা হলো।

৩। কেহ এ নির্দেশনা অমান্য করে কারা সহকারী তথা-মুদ্রাক্ষরিকগণকে ব্যাঙ্গ/বিদ্রুপ করে কেরানী বলে সম্বোধন করলে তার বিরুদ্ধে আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭/৯/১০
মোঃ আশরাফুল ইসলাম খান
ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ)
কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা
prison_dte@yahoo.com

স্মারক নং-পিডি/আইন/ইটি-১/২০১০/ ৮৮৫ /১(১৬) তারিখ ২৭-৯-২০১০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
২। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

২৭/৯/১০
(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক

Az-531(kd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/স-২/এমইটি-৭/২০০৭/২... (১৮) তারিখঃ- ২৮/৭/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- কারা সহকারীদের জেলার অথবা ডেপুটি জেলার পদে দায়িত্ব না দেয়া প্রসংগে

১। লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগারগুলোতে জেলার অথবা ডেপুটি জেলার এর অনুপস্থিতিতে কারা সহকারী বা অন্য কোন করনিককে জেলার/ডেপুটি জেলার এর দায়িত্বে নিয়োজিত করা হচ্ছে যা মোটেও কাম্য নয়। একজন করনিকের কাজ দাপ্তরিক ক্ষেত্রেই সীমাবদ্ধ। তাকে নির্বাহী কর্মকান্ড প্রদান করা সমীচিন নয়।

২। এখন হতে কোন কারণে যদি জেলার/ডেপুটি জেলার পদায়ন করা সম্ভব না হয় বা কোন কারণে তারা অনুপস্থিত থাকেন তবে সেখানে প্রশাসনিক দায়িত্বে উক্ত কারাগারের সার্জেন্ট ইনস্ট্রাক্টর অথবা সর্বপ্রধান কারারক্ষী অথবা প্রধান কারারক্ষী অথবা জ্যেষ্ঠ কারারক্ষীকে নিয়োজিত করতে হবে (জ্যেষ্ঠতা অনুযায়ী)। কোন অবস্থাতেই একজন করনিককে জেলার/ডেপুটি জেলার এর দায়িত্বে নিয়োজিত করা যাবে না। জেলার/ডেপুটি জেলার এর দায়িত্ব পালনকারী সার্জেন্ট ইনস্ট্রাক্টর/সর্বপ্রধান কারারক্ষী/প্রধান কারারক্ষী/কারারক্ষী তাদের দেয় দায়িত্ব সঠিকভাবে পালনে দুর্বলতা পরিলক্ষিত হলে জেল সুপার কর্তৃক সর্বাত্মক সহযোগিতা/নির্দেশনা প্রদান করতে হবে।

৩। উপরোক্ত আদেশ এখন থেকে যথাযথভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২৯/৭/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/স-২/এমইটি-৭/২০০৭/২... (১৮)/(১) তারিখঃ- ২৮/৭/২০০৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হ'ল।

২৯/৭/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

খালেদ
------২*।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৮.০১.০০১.১৩-৮৭২ (৭৪)

তারিখঃ ২০ ভাদ্র ১৪২০
সেপ্টেম্বর ২০১৩

প্রেরক ঃ কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রিয় কারাগার।
৩। কারা তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ **কারা বিভাগের কারা সহকারি কাম মুদ্রাক্ষরিক পদের নাম পরিবর্তন করে কারা সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক নামকরণ প্রসংগে।**

সদাশয় সরকার জনপ্রশাসন মন্ত্রণালয়ের-এস,আর,ও নং-৪০০-আইন/২০১০/০৫.১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০-তারিখ ২১-১২-২০১০ খ্রিঃ এর মাধ্যমে নিম্নোক্ত পদসমূহের নাম পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা-২০১০ জারী করেছেন।

| ক্রমিক নং | বর্তমান পদবি | পরিবর্তিত পদবি | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | সাঁট-লিপিকার/ স্টেনোগ্রাফার | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে।<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ২. | সাঁট-মুদ্রাক্ষরিক/ স্টেনোটাইপিষ্ট | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে।<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ৩. | অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে।<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৪. | মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে।<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৫. | মুদ্রাক্ষরিক | কম্পিউটার মুদ্রাক্ষরিক | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে।<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

Ab-311(kd)

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০-২১৭ তারিখ ১২-৭-২০১২ খ্রিঃ এর মাধ্যমে আরো জানানো হয়েছে যে, উক্ত বিধিমালাটিকে বিদ্যমান অন্য সকল বিধিমালা, প্রবিধানমালা বা আদেশ নির্দেশের উপর প্রাধান্য দেয়া হয়েছে। এ কারণে অন্যান্য নিয়োগ বিধিমালা, প্রবিধানমালা ইত্যাদি পূর্বতন পদবী ও নিয়োগ যোগ্যতাসমূহ আপনা হতে সংশোধিত হয়েছে। ফলে এই বিধিমালা অনুস্বরণ পূর্বক বিধিমালায় উল্লেখিত পরিবর্তিত পদবী ও নিয়োগ যোগ্যতা অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে।

সরকারের উপরোল্লিখিত সিদ্ধান্তের আলোকে কারা বিভাগের কারা সহকারী কাম মুদ্রাক্ষরিক পদটিকে কারা সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক হিসেবে গন্য করে এ ধরণের অন্যান্য পরিবর্তিত পদের ন্যায় এ পদের নিয়োগ যোগ্যতাও অভিন্নভাবে বিবেচনা করা হবে কিনা সে ব্যাপারে কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৮.০১.০০১.১২-৩৭১ তারিখ ২৬-৫-২০১৩ খ্রিঃ এর মাধ্যমে সরকারের সিদ্ধান্ত চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র লেখা হয়। তৎপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০২৩.০১.০২১.২০১২-২৫৩ তারিখ ৩০-৭-২০১৩ খ্রিঃ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০-১০৫ তারিখ ০৩-৪-২০১৩ খ্রিঃ এর ছায়ালিপি প্রেরণ করে উক্ত পত্রের আদেশানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উক্ত পত্রের মর্মানুযায়ী কারা বিভাগের কারা সহকারি কাম মুদ্রাক্ষরিক পদের নাম পরিবর্তন করে কারা সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক নামকরণ করা হলো।

এমতাবস্থায় উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিত করতঃ পরবর্তী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক।
addlig @ prison.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, দৃঃ আঃ যুগ্ম সচিব (কারা)। এ প্রসংগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০২৩.০১.০২১.২০১২-২৫৩ তারিখ ৩০-৭-২০১৩ খ্রিঃ উল্লেখ্য।

২। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

৩। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।

৪। প্রশাসনিক কর্মকর্তা, পরিসংখ্যানবিদ, বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।

৫। ভারপ্রাপ্ত সহকারি, সকল শাখা (সংস্থাপন-১,২য় শ্রেণি ব্যতীত), কারা অধিদপ্তর, ঢাকা।

৬। ভারপ্রাপ্ত সহকারি, সংস্থাপন শাখা-১(২য় শ্রেণি) কারা অধিদপ্তর, ঢাকা। উপরোল্লিখিত পরিবর্তিত পদবিসমূহের নাম এবং উহার নিয়োগ যোগ্যতা কারা কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধিতে অন্তর্ভূক্তির যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের সুবিধার্থে জনপ্রশাসন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বর্ণিত পত্রের ছায়ালিপি সংযুক্ত করা হলো।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক।
addlig @ prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা ।

স্মারক নং পিডি/স-২/এমইটি-৭/২০০৭/[illegible] (১৮) তারিখঃ- ২৬/৭/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার ।

বিষয়ঃ- কারা সহকারীদের জেলার অথবা ডেপুটি জেলার পদে দায়িত্ব না দেয়া প্রসংগে

১। লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগারগুলোতে জেলার অথবা ডেপুটি জেলার এর অনুপস্থিতিতে কারা সহকারী বা অন্য কোন করনিককে জেলার/ডেপুটি জেলার এর দায়িত্বে নিয়োজিত করা হচ্ছে যা মোটেও কাম্য নয় । একজন করনিকের কাজ দাপ্তরিক ক্ষেত্রেই সীমাবদ্ধ । তাকে নির্বাহী কর্মকান্ড প্রদান করা সমীচিন নয় ।

২। এখন হতে কোন কারণে যদি জেলার/ডেপুটি জেলার পদায়ন করা সম্ভব না হয় বা কোন কারণে তারা অনুপস্থিত থাকেন তবে সেখানে প্রশাসনিক দায়িত্বে উক্ত কারাগারের সার্জেন্ট ইনস্ট্রাক্টর অথবা সর্বপ্রধান কারারক্ষী অথবা প্রধান কারারক্ষী অথবা জ্যেষ্ঠ কারারক্ষীকে নিয়োজিত করতে হবে (জ্যেষ্ঠতা অনুযায়ী) । কোন অবস্থাতেই একজন করনিককে জেলার/ডেপুটি জেলার এর দায়িত্বে নিয়োজিত করা যাবে না । জেলার/ডেপুটি জেলার এর দায়িত্ব পালনকারী সার্জেন্ট ইনস্ট্রাক্টর/সর্বপ্রধান কারারক্ষী/প্রধান কারারক্ষী/কারারক্ষী তাদের দেয় দায়িত্ব সঠিকভাবে পালনে দূর্বলতা পরিলক্ষিত হলে জেল সুপার কর্তৃক সর্বাত্মক সহযোগিতা/নির্দেশনা প্রদান করতে হবে ।

৩। উপরোক্ত আদেশ এখন থেকে যথাযথভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল ।

মোঃ আশিরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

স্মারক নং পিডি/স-২/এমইটি-৭/২০০৭/[illegible] (১৮)/(৪) তারিখঃ- ২৬/৭/২০০৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হ'ল ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/স-২/২০০৮/২৯৩ তারিখঃ ০৪-৯-২০০৮ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ সিনিয়র সুপার/সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**বিষয় ঃ কারাসহকারী, অফিস সহকারী, টাস্ক টেকার, টেইলর মাষ্টার, ফ্যাক্টরী ওভারসিয়ার, হিসাব রক্ষক ও ফার্মাসিষ্টদের প্রতি কারারক্ষীদের আচরণ**

জানা যায় যে, আপনার কারাগারের কারারক্ষী ও প্রধান কারারক্ষীদের কেহ কেহ কারাসহকারী, অফিস সহকারী, টাস্ক টেকার, টেইলর মাষ্টার, ফ্যাক্টরী ওভারসিয়ার, হিসাব রক্ষক ও ফার্মাসিষ্ট ইত্যাদি ব্যক্তিবর্গকে অতিমাত্রায় তোয়াজ করে এবং 'স্যার' বলে সম্বোধন করে যার কোন যুক্তিযুক্ত কারণ নেই। উক্ত কর্মচারীদের থেকে কারারক্ষী ও প্রধান কারারক্ষীদের কাজের প্রকৃতি সম্পূর্ণ ভিন্নতর এবং তারা নির্বাহী গোত্রীয়। প্রতিষ্ঠান প্রধান হিসেবে সকলের মূল্যবোধ সংরক্ষণে আপনার তরফ থেকে যথা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/স-২/২০০৮/২৯৩/১(৫) তারিখঃ ০৪-৯-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগীয় সদর দপ্তর।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিরাপত্তা সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

AIG-462